**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা ৪১/২০১৮-১৯**

**ঢাকা, বৃহস্পতিবার ৩০ আগস্ট ২০১৮, ১৫ ভাদ্র ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। জনকল্যাণের জন্যই রাজনীতি, ভোটের জন্য নয় : প্রধানমন্ত্রী শেখ হাসিনা

২। বিমসটেক শীর্ষ সম্মেলনে যোগ দিতে আজ কাঠমান্ডু যাচ্ছেন প্রধানমন্ত্রী

৩। জনগণের অধিকার নিশ্চিত করতে সংসদীয় গণতন্ত্রকে শক্তিশালী করা জরুরি : স্পিকার

৪। ক্রয়কমিটির বৈঠক : ৯ প্রস্তাব অনুমোদন

৫। দেশে এক লাখ মানুষের মধ্যে যক্ষ্মার রোগী ২৬০ জন : সরকারি জরিপ প্রতিবেদন

৬। অহিংস গণতান্ত্রিক আন্দোলনে আপত্তি নেই : সেতুমন্ত্রী

৭। হতদরিদ্রদের দশ টাকা দরে ৩০ কেজি চাল দেবে সরকার

৮। জিডিপি'র ৩ দশমিক ৫৭ শতাংশ অর্জিত হয় মৎস্যখাতে : প্রাণিসম্পদ মন্ত্রী

৯। দারুল ইহসানের সনদধারীদের বিষয়ে আদেশ স্থগিত করেছে শিক্ষা মন্ত্রণালয়

চলমান পাতা-২

**১। জনকল্যাণের জন্যই রাজনীতি, ভোটের জন্য নয় : প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তাঁর দল জনগণের কল্যাণের জন্যই রাজনীতি করে, তাদের ভোটের জন্য নয়। প্রধানমন্ত্রী বলেন, আমাদের রাজনীতি জনকল্যাণের জন্য, ক্ষমতা আমাদের কাছে কোনো ভোগের বস্তু নয়, এটা আমাদের দায়িত্ব। জাতির পিতা সে শিক্ষাই দিয়েছেন। গতকাল (২৯ আগস্ট বুধবার) গণভবন থেকে ভিডিও কনফারেন্সিংয়ে গোপালগঞ্জে বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব চক্ষু হাসপাতাল ও ট্রেনিং ইনস্টিটিউট এবং গোপালগঞ্জের পার্শ্ববর্তী ৮ জেলার ২০ উপজেলায় কমিউনিটি ভিশন সেন্টারের উদ্বোধনকালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

**২। বিমসটেক শীর্ষ সম্মেলনে যোগ দিতে আজ কাঠমান্ডু যাচ্ছেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বে অভ্ বেঙ্গল ইনিশিয়েটিভ ফর মাল্টিসেক্টরাল টেকনিক্যাল এন্ড ইকোনমিক কো-অপারেশনের (বিমসটেক) চতুর্থ শীর্ষ সম্মেলনে যোগ দিতে দু'দিনের সরকারি সফরে আজ (৩০ আগস্ট বৃহস্পতিবার) কাঠমান্ডুর উদ্দেশে ঢাকা ত্যাগ করবেন। কাঠমান্ডুর হোটেল সোয়ালটি ক্রাউন প্লাজায় আজ ৩০ আগস্ট বৃহস্পতিবার বিকেলে সাতটি দেশের আঞ্চলিক এ জোটের নেতৃবৃন্দকে নিয়ে শীর্ষ সম্মেলন শুরু হবে। এর উদ্দেশ্য হচ্ছে দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোর মধ্যে পারস্পরিক সম্পর্ক জোরদারের মাধ্যমে একটি সেতুবন্ধন তৈরি করা। নেপাল সফরকালে শীর্ষ সম্মেলনের ফাঁকে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, নেপালের প্রধানমন্ত্রী কেপি শর্মা অলি এবং ভুটানের প্রধান উপদেষ্টা (অন্তর্বর্তী সরকারের প্রধান) দাশো সেরিং ওয়াংচুকের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৩। জনগণের অধিকার নিশ্চিত করতে সংসদীয় গণতন্ত্রকে শক্তিশালী করা জরুরি : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, সংসদ হচ্ছে সকল কর্মকাণ্ডের কেন্দ্রবিন্দু। জনগণের অধিকার নিশ্চিত করতে সংসদীয় গণতন্ত্রকে শক্তিশালী করা জরুরি। জনগণের প্রতিনিধি হিসেবে সংসদসদস্যরা সংসদে কার্যকর ভূমিকা রাখলে সংসদীয় গণতন্ত্রকে শক্তিশালী করা সম্ভব। গতকাল (২৯ আগস্ট বুধবার) সংসদ ভবনের শপথকক্ষে বাংলাদেশ জাতীয় সংসদ এবং ওয়েস্টমিনিস্টার ফাউন্ডেশন ফর ডেমোক্রেসি, ইউকে (ডব্লিউএফডি) কর্তৃক যৌথভাবে আয়োজিত দু'দিনব্যাপী এক প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **যায়যায়দিন** (পৃ.৩,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৪)।

**৪। ক্রয়কমিটির বৈঠক : ৯ প্রস্তাব অনুমোদন**

সড়ক ও জনপথ অধিদফতরের আওতায় বাস্তবায়নাধীন ক্রসবর্ডার রোড নেটওয়ার্ক ইমপ্রুভমেন্ট প্রকল্পের দু'টি প্যাকেজসহ ২ হাজার ৫৭৯ কোটি ৪১ লাখ টাকা ব্যয়ে ৯টি ক্রয়প্রস্তাব ও একটি ভেরিয়েশন প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল (২৯ আগস্ট বুধবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলনকক্ষে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এ প্রস্তাবগুলোর অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ.পৃ, ক.৩), **বণিক বার্তা** (শেষ পৃ.,ক.২), **যায়যায়দিন** (শেষ পৃ.,ক.৫)।

**৫। দেশে এক লাখ মানুষের মধ্যে যক্ষ্মার রোগী ২৬০ জন : সরকারি জরিপ প্রতিবেদন**

নতুন সরকারি জরিপ প্রতিবেদন বলছে, দেশে এক লাখ মানুষের মধ্যে যক্ষ্মার রোগী ২৬০ জন। তাদের ৩১ শতাংশ চিকিৎসার বাইরে থাকছে। আর মাত্র ১০ শতাংশ মানুষ সরকারি হাসপাতাল বা স্বাস্থ্যকেন্দ্রে যক্ষ্মার চিকিৎসা নেয়। 'বাংলাদেশ জাতীয় যক্ষ্মা প্রকোপ জরিপ ২০১৫-১৬' প্রতিবেদনে এসব তথ্য উঠে এসেছে। গতকাল (২৯ আগস্ট বুধবার) রাজধানীর একটি হোটেলে এ প্রতিবেদনের আনুষ্ঠানিক মোড়ক উন্মোচন করেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। সরকারের জাতীয় যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসূচি, বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং রোগতত্ত্ব, রোগ

নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর) যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী বলেন, যক্ষ্মাকে এখন আর প্রাণঘাতী রোগ হিসেবে মনে করা হয় না। যক্ষ্মা পুরোপুরি নিরাময় সম্ভব। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.৬), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২), **নিউ এজ** (পৃ.৩,ক.২)।

**৬। অহিংস গণতান্ত্রিক আন্দোলনে আপত্তি নেই : সেতুমন্ত্রী**

অহিংস গণতান্ত্রিক আন্দোলনে আমাদের কোনো আপত্তি নেই। কিন্তু আন্দোলন সহিংস হলে জনগণের নিরাপত্তার স্বার্থে সরকার যথাযথ ব্যবস্থা নেবে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল (২৯ আগস্ট বুধবার) রাজধানীর শ্যামলীতে সড়ক ও জনপথ অধিদফতরের কর্মকর্তাদের জন্য ১৪ তলা আবাসিক ভবন নির্মাণকাজের উদ্বোধনশেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৮), **নিউ এজ** (পৃ.১,ক.২)।

**৭। হতদরিদ্রদের দশ টাকা দরে ৩০ কেজি চাল দেবে সরকার**

আগামী সেপ্টেম্বর থেকে খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় হতদরিদ্রদের দশ টাকা দরে ৩০ কেজি করে চাল দেবে সরকার। নির্বাচনের আগে এ কর্মসূচি নিয়ে সরকার কোনো অনিয়ম দেখতে চায় না বলে জানিয়েছেন খাদ্যমন্ত্রী মো. কামরুল ইসলাম। গতকাল (২৯ আগস্ট বুধবার) খাদ্য অধিদফতরের সভাকক্ষে খাদ্যবান্ধব কর্মসূচি সম্পর্কিত মতবিনিময় সভায় আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক ও জেলা খাদ্য নিয়ন্ত্রকদের উদ্দেশে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **নিউ এজ** (পৃ.১,ক.২)।

**৮। জিডিপি'র ৩ দশমিক ৫৭ শতাংশ অর্জিত হয় মৎস্যখাতে : প্রাণিসম্পদ মন্ত্রী**

আমাদের জিডিপি'র ৩ দশমিক ৫৭ শতাংশ মৎস্যখাত থেকে অর্জিত হয় বলে জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ। তিনি বলেন, দেশের মোট জনগোষ্ঠীর ১১ শতাংশের অধিক মানুষ মৎস্যখাতের ওপর নির্ভর করে জীবিকা নির্বাহ করে। ফলে মৎস্যচাষী ও মৎস্যজীবীদের আর্থসামাজিক অবস্থার উন্নতিসাধন, কর্মসংস্থানের নতুন সুযোগ সৃষ্টিসহ বৈদেশিক মুদ্রার্জনের ক্ষেত্রে মৎস্যখাতের ভূমিকা অপরিসীম বলে জানান তিনি। গতকাল (২৯ আগস্ট বুধবার) বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল মিলনায়তনে অনুষ্ঠিত 'বার্ষিক গবেষণা-পরিকল্পনা প্রণয়ন ২০১৮-১৯' শীর্ষক দু'দিনব্যাপী কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

**৯। দারুল ইহসানের সনদধারীদের বিষয়ে আদেশ স্থগিত করেছে শিক্ষা মন্ত্রণালয়**

বন্ধ হয়ে যাওয়া 'দারুল ইহসান বিশ্ববিদ্যালয়' থেকে পাশ করা বিভিন্ন বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তি করার বিষয়ে গত ২৮ আগস্ট মঙ্গলবারের সিদ্ধান্ত স্থগিত করেছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল (২৯ আগস্ট বুধবার) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বেসরকারি মাধ্যমিক-৩ শাখা এ সংক্রান্ত অফিস আদেশ জারি করে আগের দিনের আদেশ স্থগিত করে। সূত্র-**সংবাদ** (শেষ.পৃ.,ক.৩), **যুগান্তর** (পৃ.১৭,ক.৫), **প্রথম আলো** (পৃ.৩,ক.৫), **যায়যায়দিন** (পৃ.১,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো :** সিলেট চেম্বার অভ্ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির উদ্যোগে প্রতিবন্ধীদের চাকরি দেওয়ার এক মেলা আয়োজন করাকে অনুসরণীয় উল্লেখ করে দেশে এরকম আরও মেলার আয়োজন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **ইত্তেফাক :** বগুড়া শহরের লতিফপুর কলোনিতে অবস্থিত একটি স্কুল প্রতিষ্ঠার ৪০ বছর পার হলেও নিজস্ব কোনো ভবন তৈরি হয় নাই, ক্লাস হচ্ছে ক্লাবঘরের বারান্দায় এ খবরে বিস্ময় প্রকাশ করে দ্রুত বিদ্যালয়টির ভবন নির্মাণে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার সুপারিশ।

গ. **যায়যায়দিন, সমকাল :** পাবনায় এক নারী সাংবাদিককে কুপিয়ে হত্যা করার ঘটনায় নিন্দা জানিয়ে এর জন্য দায়ীদের খুঁজে বের করে সর্বোচ্চ সাজা নিশ্চিত করার পাশাপাশি অনাকাঙ্ক্ষিত এসব ঘটনা কেন ঘটছে তা খতিয়ে দেখার ওপর গুরুত্বারোপ।

ঘ. **ভোরের কাগজ :** মধ্যপ্রাচ্যে নির্যাতনের শিকার হয়ে প্রতিমাসে ২শ' থেকে ৩শ' নারীকর্মী দেশে ফিরে আসছেন উল্লেখ করে ফেরত আসা নির্যাতিত নারীদের পুনর্বাসন ও ক্ষতিপূরণের জন্য প্রয়োজনীয় সব পদক্ষেপ নেওয়ার পাশাপাশি এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঙ. **নিউ নেশন :** রাজধানীতে শিশু-কিশোরদের জন্য পর্যাপ্ত বিনোদনের ব্যবস্থা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

চ. **নিউ এজ, ডেইলি সান :** চামড়া প্রক্রিয়াকরণের দূষণ কমাতে যথাযথ বর্জ্য ব্যবস্থাপনা গড়ে তোলার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** দেশে প্রতিবছর পানিতে ডুবে অনেক শিশু-কিশোর মারা যায় উল্লেখ করে শিশু-কিশোরদের সাঁতার শেখানোর ওপর গুরুত্বারোপ।

## উপসম্পাদকীয়

**আলোকিত বাংলাদেশ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সড়ক দুর্ঘটনা রোধ করতে সর্বাগ্রে সমস্যা চিহ্নিত করতে হবে গুরুত্বের সঙ্গে এবং সে সমস্যা সমাধানেরও যথাযথ পদ্ধতি খুঁজে বের করতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'গাছ মানুষের বন্ধু '** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বৃক্ষ মানুষের বন্ধু, তাই গাছকে বাঁচাতে হবে আমাদের নিজেদের জন্যই।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশিদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা